



# মাসিক দুর্দক দর্পণ

৭ম বর্ষ • ১৩তম সংখ্যা • আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ • ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ

[www.acc.org.bd](http://www.acc.org.bd)

এ সংখ্যায় যা রয়েছে

- সভা/সেমিনার
- ফাঁদ
- গ্রেফতার
- সাজা
- আদালতে দায়েরকৃত উল্লেখযোগ্য
- কয়েকটি মামলার চার্জশিট
- দায়েরকৃত উল্লেখযোগ্য কয়েকটি মামলা

যোগাযোগ

নির্বাহী সম্পাদক

দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়  
১ সেগুন বাগিচা, ঢাকা।

ফোন: ৯৩৫৩০০৪-৮

ই-মেইল : [info@acc.org.bd](mailto:info@acc.org.bd)

ওয়েব সাইট

<http://www.acc.org.bd>

## সম্পাদকীয়

দুর্নীতি দমন কমিশন এর সকল কার্যক্রমে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করতে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়ন করছে। কমিশনের মুখপত্র হিসেবে দুর্দক দর্পণ ত্রৈমাসিক ভিত্তিতে সীমিত পরিসরে কমিশনের কার্যক্রম তুলে ধরে আসছে। সম্প্রতি কমিশন দুর্দক দর্পণ সাধারণ মানুষের নিকট পৌঁছানোর লক্ষ্যে এর প্রকাশনার সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। শুধু তাই নয়, ত্রৈমাসিকের পরিবর্তে দুর্দক দর্পণ এখন থেকে প্রতি মাসে প্রকাশিত হবে। নতুন অবয়বে দুর্দক দর্পণে কমিশনের প্রতিকার ও প্রতিরোধমূলক কার্যক্রমের কিছু চিত্র নিয়মিত প্রকাশ করা হবে। ৯৯



“দুর্নীতির কারণেই মানুষ সরকারি সেবা পায় না, কালোটাকার সৃষ্টি হয়, সেই টাকাই বিদেশে পাচার হয়, দুর্নীতির টাকাই সন্ত্রাসসহ বিভিন্ন অপরাধে ব্যবহৃত হয়। আর ক্ষতিগ্রস্ত হয় দেশের জনগণ, সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে পরবর্তী প্রজন্ম। আমরা সবাই মিলে এমন একটা দেশ রেখে যেতে চাই, যেখানে দুর্নীতির কালো ছায়া থাকবে না।”

- ইকবাল মাহমুদ, চেয়ারম্যান, দুর্দক



ভূটানের দুর্নীতি দমন কমিশনের সাথে বাংলাদেশের দুর্নীতি দমন কমিশনের সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান।

দুর্নীতি দমন কমিশন  
বাংলাদেশ

দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যে কোনো ফোন থেকে দুর্দকের অভিযোগ কেন্দ্রের হটলাইন ১০৬ নম্বরে ফ্রি কল করুন (সকাল ০৯ টা থেকে বিকাল ৫ টা)।



### ফাঁদ

জুলাই, ২০১৭ মাসে কমিশন ফাঁদ পেতে তিনটি ঘটনায় ০৫ (পাঁচ) জন আসামিকে গ্রেফতার করেছে। তন্মধ্যে একটি ঘটনায় গ্রেফতারকৃত আসামির বিবরণ:

### গ্রেফতারকৃত আসামির নাম

মোঃ হেলাল উদ্দিন, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ত্রিশাল ইউনিয়ন ভূমি অফিস, ত্রিশাল, ময়মনসিংহ।

### অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

জনৈক অজয় চন্দ্র রায়, ত্রিশাল বাজার, ত্রিশাল, ময়মনসিংহ এর দুটি নামজারির প্রস্তাব সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে প্রেরণের জন্য মোঃ হেলাল উদ্দিন ৪,০০০/- টাকা ঘুষ দাবি করেন। উক্ত ঘুষ গ্রহণ কালে দুদক টিমের সদস্যরা মোঃ হেলাল উদ্দিন, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-কে ঘুষের টাকাসহ হাতে-নাতে গ্রেফতার করে।



### গ্রেফতার

জুলাই, ২০১৭ মাসে কমিশনের বিভিন্ন মামলায় তদন্তকারী কর্মকর্তাগণ আইনি প্রক্রিয়ায় ১৬ (ষোলো) জন আসামিকে গ্রেফতার করেছে। কয়েকজন গ্রেফতারকৃত আসামির বিবরণ:

### গ্রেফতারকৃত আসামির নাম

মোঃ শাহ আলম, নির্বাহী প্রকৌশলী (বর্তমানে অবঃ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেনী।

### অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

দাখিলকৃত সম্পদ বিবরণীতে ৬২,১৭,৬৮৪/- টাকার সম্পদের তথ্য গোপন এবং ৮৩,৪২,৯১০/- টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জন।

মোঃ ফজলুল হক, বর্তমানে উপ-খাদ্য পরিদর্শক (সাময়িক বরখাস্ত), উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কালুখালী, রাজবাড়ী ও সাবেক উপ-খাদ্য পরিদর্শক (গুদাম ইনচার্জ) সিএসডি, ময়মনসিংহ।

মোঃ ফজলুল হক কর্তৃক ময়মনসিংহ সিএসডিতে কর্মরত থাকা অবস্থায় গুদামের রক্ষিত ১১.০২৫ মে. টন গম এবং ৭.৭৪২ মে. টন চাল যার মূল্য মোট ৬,০৬,৮৭৩.৪৮ টাকা আত্মসাৎ।



### সাজাপ্রাপ্ত মামলার বিবরণ

জুলাই, ২০১৭ মাসে ৩৩টি মামলায় বিচারিক আদালতে রায় হয়েছে এর মধ্যে ১৪টির সাজা হয়েছে। সাজা হওয়া উল্লেখযোগ্য একটি মামলা।

### সাজাপ্রাপ্ত আসামির নাম

হারুনুর রশিদ, সাবেক নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা।

### অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

আসামি হারুনুর রশিদ, সাবেক নির্বাহী প্রকৌশলী-কে ১০ বছরের সশ্রম কারাদণ্ডসহ ০১ লক্ষ টাকা জরিমানা।



### চার্জশিট দাখিলকৃত উল্লেখযোগ্য মামলা

কমিশন জুলাই, ২০১৭ মাসে ৫০টি মামলা তদন্ত সম্পন্ন করে ৩৪টি মামলায় চার্জশিট দাখিলের অনুমোদন দিয়েছে। উল্লেখযোগ্য একটি মামলার চার্জশিট উল্লেখ করা হলো।

### আসামির নাম

মোঃ রফিকুল ইসলাম, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও ব্যবস্থাপক (বর্তমানে সাময়িক বরখাস্ত), সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, বগুড়া ও অন্য ০৮ জন।

### অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, বগুড়া থেকে ৩৭,৪৫,৪৭,০০০/- টাকা আত্মসাৎ।



### দায়েরকৃত উল্লেখযোগ্য মামলা

জুলাই, ২০১৭ মাসে ক্ষমতার অপব্যবহার, ভূয়া রেকর্ডপত্রের মাধ্যমে ঋণ প্রদান, জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে ২৩টি মামলা দায়ের করেছেন কমিশন। একটি মামলার বিবরণ:

### আসামির নাম

বরুণ কান্তি সাহা, সাবেক এসইভিপি ও শাখা প্রধান, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান কর্পোরেট শাখা, গুলশান, ঢাকা, বর্তমানে ম্যানেজার, যমুনা ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা ও অন্য ০৪ জন।

### অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

১৮০ কোটি টাকা ঋণের জন্য ইউসিবিএল ব্যাংক গুলশান শাখায় ভূয়া কাগজপত্রসহ আবেদন, ঋণ প্রক্রিয়ায় মিথ্যা তথ্য প্রদান এবং ভূয়া রেকর্ডপত্রের মাধ্যমে ঋণ বরাদ্দ।